দৈনিক ইনকিলাব

তারিখ 19 JAN 2008 পৃষ্ঠা ৯ কলাম ৮

42 Depot

# নন এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের খালি থালা গ্লাস কর্মসূচী সোমবার

স্টাফ রিপোর্টার ঃ নন-এমপিও শিক্ষক কর্মচারী ঐক্যজোটের কেন্দ্রীয় কমিটির সভা গতকাল (শুক্রবার) কেন্দ্রীয় আহ্বায়ক মোঃ ইব্রাহীম খলিলের সভাপতিত্বে কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবীতে আগামী ২১ জানুয়ারী (সোমবার) ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে শূন্য থালা গ্লাস নিয়ে অবস্থান ধর্মঘটের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

আলোচনায় নেতৃবৃন্দ বলেন, নন-এমপিও শিক্ষক কর্মচারীরা দীর্ঘ ৭/৮ বছর বিনাবেতনে শ্রম দিয়ে আসছে। তাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ফলাফল ভাল হওয়া সত্ত্বেও তারা আজ মানবেতর জীবনযাপন করছে। বিভিন্ন সময়ে আন্দোলন সংগ্রাম করেও এমপিওভুক্ত করা হয়নি। ফলে সর্বশেষ গত ১৫ ডিসেম্বর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে আন্দোলনের বিভিন্ন কর্মসূচী ঘোষণা করা হয়। এ সকল কর্মসূচীর মধ্যে ছিল ২ জানুয়ারী প্রধান উপদেষ্টা, শিক্ষা উপদেষ্টা ও সেনাপ্রধানের নিকট স্মারকলিপি প্রদান, ৫ জানুয়ারী হতে ১০ জানুয়ারী স্ব-স্ব অবস্থানে কালোব্যাজ ধারণ, ১৩ জানুয়ারী পাঠদান বিরতি এবং আগামী ২১ জানুয়ারী কেন্দ্রীয় শহীদ মিনারে শূন্য থালা গ্লাস নিয়ে অনির্দিষ্টভাবে অবস্থান ধর্মঘট। সভায় গত ১৩ জানুয়ারী পর্যন্ত সকল কর্মসূচী সফলতার সহিত পালন করায় শিক্ষকবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং কেন্দ্রীয় আহ্বায়ক মোঃ ইব্রাহীম খলিলের সাথে বিভিন্নভাবে সরকারের সুনির্দিষ্ট বৈঠকের মাধ্যমে সমাধানের আশ্বাস দেয়ায় আগামী ২১ জানুয়ারী অবস্থান কর্মসূচী আপাতত স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামী ২৫ ফেব্রুয়ারী কেন্দ্রীয় শহীদ মিনারে শূন্য থালা, গ্লাস নিয়ে অনির্দিষ্টভাবে অবস্থান কর্মসূচীর সিদ্ধান্ত ঘোষণা করা হয়। সে সাথে নেতৃবৃন্দ বলেন, যদি উক্ত তারিখের মধ্যে দাবী আদায় না হয় তাহলে পরবর্তীতে আন্দোলনের কঠোর কর্মসূচী ঘোষণা করা হবে।

সভায় উপস্থিত ছিলেন যুগ্ম আহ্বায়ক মোঃ আশরাফউদ্দীন ভুঁইয়া, মোঃ সাইদুর রহমান, মোঃ জসিমউদ্দীন, মোঃ আনোয়ার হোসেন, মোঃ সাহাজ্জেল হোসেন, তপন বাবু, মোঃ আবুল কালাম আজাদ, মোঃ আলিমুজ্জামান, মোঃ আশরাফউদ্দীন ফারুকসহ বিভিন্ন জেলা নেতৃবৃন্দ।